

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৭.২০২১-৫৪

তারিখ: ৬ আষাঢ়.১৪২৮

২০ জুন ২০২১

বিষয়: বাগেরহাট জেলার ইউনিয়ন পরিষদের এপ্রিল/২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র: ডিডিএলজি, বাগেরহাট এর স্মারক নং-৪৭৮, তারিখঃ ০৩/০৫/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত বাগেরহাট সদর ও কচুয়া উপজেলার গোটাপাড়া ও মঘিয়া ইউনিয়ন পরিষদ পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় নিম্নবর্ণিত বিষয়ের তথ্যাদি/অগ্রগতি জানা আবশ্যিকঃ

(ক) গোটাপাড়া ইউনিয়ন পরিষদের চলতি ২০২০-২১ অর্থ বছরের দাবীকৃত ট্যাক্স ৯,৭৮,১০০/- টাকা। এ যাবত আদায় ৪,৪৮,৫০০/-টাকা। আদায়ের শতকরা হার ৪৫ %। যা সন্তোষজনক নয়। চলতি অর্থ বছরে এডিপি'র অর্থ দ্বারা কি কি ও কতটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং গৃহিত প্রকল্পসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি অবহিত হওয়া যাচ্ছে না।

(খ) মঘিয়া ইউনিয়ন পরিষদের চলতি ২০২০-২১ অর্থ বছরের দাবীকৃত ট্যাক্স ৮,১৭,১৮৫/- টাকা। এ যাবত আদায় ২৭,৪৫০/- টাকা। আদায়ের শতকরা হার ৩৩ %। যা সন্তোষজনক নয়। চলতি ২০২০-২১ অর্থ বছরে এডিপি খাতের কোন তথ্য পাওয়া যায়নি। চলতি বছরের এডিপি'র অর্থ দ্বারা কি কি ও কতটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং গৃহিত প্রকল্পসমূহের বাস্তব অগ্রগতির তথ্যাদি পরিদর্শন প্রতিবেদনে প্রদর্শন না করায় চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি অনুধাবন করা যাচ্ছে না।

এমতাবস্থায়, বাগেরহাট সদর উপজেলার গোটাপাড়া ও কচুয়া উপজেলার মঘিয়া ইউনিয়ন পরিষদের পরিদর্শন প্রতিবেদনের আলোকে উপরোক্ত (ক ও খ) বিষয়ে সর্বশেষ তথ্যসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬২২৭

উপপরিচালক

স্থানীয় সরকার, বাগেরহাট।

ইমেইল: monitoring2lgd@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৭.২০২১-৫৪/১(৫)

তারিখ: ৬ আষাঢ়.১৪২৮

২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, বাগেরহাট।

২) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩) উপজেলা নির্বাহী অফিসার, সদর/কচুয়া, বাগেরহাট।

৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

৫) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

২০-৬-২০২১

মোঃ শাহজালাল

সহকারী সচিব